দৈনিক জনকণ্ঠ

তারিখ ........

পৃষ্ঠা ........ কলাম ........

# আদর্শ ডিগ্রী কলেজ কেন্দ্র, শ্রীনগর-২ এর ১৭০ জন কোমলমতি পরীক্ষার্থীর এইচএসসি পরীক্ষার অনিশ্চয়তা নিরসনকল্পে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট আকুল আবেদন।

**মাননীয় প্রধানমন্ত্রী,**

এইচএসসি পরীক্ষা-২০০১ আগামী ১০-০৫-২০০১ থেকে শুরু হচ্ছে। এ পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আপনার সুযোগ্য নেতৃত্বে পরিচালিত সরকারের বর্তমান সিদ্ধান্ত সমূহকে আমরা সাধুবাদ জানাই। শুধু আমরা নই আমাদের অভিভাবকগণও চান জাতির ভবিষ্যত যোগ্য নাগরিক গড়ে তোলার জন্য নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্ন হোক। সরকারের এ সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে গিয়ে স্থান ও কাল বিবেচনায় না থাকার কারণে অনেক ক্ষেত্রেই আমাদের মত কোমলমতি পরীক্ষার্থীদের জীবন-মরণ সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এমতাবস্থার শিকার আমরা মুন্সীগঞ্জ জেলাধীন **আদর্শ ডিগ্রী কলেজ কেন্দ্র, শ্রীনগর-২** এর ১৭০ (একশত সত্তর) জন পরীক্ষার্থী। যদিও সরকারের সিদ্ধান্ত রয়েছে ৫ কিলোমিটারের মধ্যে ২টি কেন্দ্রের পরীক্ষার্থীদের আসন বিনিময় হবে। এক্ষেত্রে দূরত্বের কথা বিবেচনা না করে আসন বিনিময় করতে গিয়ে থানা সদর থেকে ২০ কিলোমিটার দূরে অবস্থিত **আদর্শ ডিগ্রী কলেজ কেন্দ্র, শ্রীনগর-২** কে থানা সদরে স্থানান্তর করা হয়েছে। কিন্তু আমাদের কেন্দ্রে অন্য কেন্দ্রের আসন ব্যবস্থা রাখা হয়নি। ফলে **আদর্শ ডিগ্রী কলেজ কেন্দ্র, শ্রীনগর-২** এ কোন পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছেনা। উপরন্তু শ্রীনগর-১ কেন্দ্রের অতীব নিকটবর্তী উচ্চ বিদ্যালয়ে উক্ত কেন্দ্রের পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা করা হয়েছে।

**হে জননেত্রী,**

**আদর্শ ডিগ্রী কলেজ কেন্দ্র, শ্রীনগর-২** এ বিগত ৪ (চার) বছর যাবত সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালিত হয়ে আসছে। বিগত ৪ (চার) বছরে কোন ধরনের আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতিকর এবং কোন অপ্রীতিকর ঘটনা এখানে ঘটেনি। উল্লেখ্য বোর্ড প্রতিবেদন সন্তোষজনক হওয়াতে ইতোমধ্যেই পরীক্ষার উত্তরপত্রসহ আনুষঙ্গিক সরঞ্জামাদি অত্র কেন্দ্রে পৌছেছে। এ ক্ষেত্রে প্রশাসনিক সমস্যার অজুহাতে **আদর্শ ডিগ্রী কলেজ কেন্দ্র, শ্রীনগর-২** কে স্থানান্তর করে থানা সদরে নেয়ার কোন যৌক্তিকতা নেই। উল্লেখিত ১৭০ (একশত সত্তর) জন পরীক্ষার্থীর মধ্যে ৮৫ (পঁচাশি) জনই ছাত্রী। যাদের অনেকের পিতা, বড়ভাই বা পুরুষ অভিভাবক চাকুরীর কারণে বিদেশে অবস্থান করছেন। সে প্রেক্ষাপটে ছাত্রীদের নিরাপত্তার বিষয়টিও অনিশ্চিত। জেলা প্রশাসক (মুন্সীগঞ্জ) এর সভায় গৃহীত সিদ্ধান্ত আমরা কার্যতঃ ০৫-০৫-২০০১ তারিখে অবগত হই। কিন্তু এ ধরনের পরিস্থিতি মোকাবেলার জন্য অন্ততঃ এক মাসের সময় প্রয়োজন। এমনিতেই শ্রীনগর থানা সদরে আবাসিক সমস্যা প্রকট। যে কারণে ১৫/২০ দিনের জন্য ২/৩ হাজার টাকা দিয়েও বাসা ভাড়া পাওয়া যাচ্ছেনা। উপরন্তু যোগাযোগ ব্যবস্থা দুর্গম হওয়ার কারণে নিজ নিজ বাড়ী থেকে পরীক্ষায় অংশ গ্রহণ করা সম্ভব নয়। এপ্রেক্ষিতে দেখা যায় যে, শ্রীনগর থানা সদরে থেকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে একজন পরীক্ষার্থীর ৮ থেকে ১০ হাজার টাকা খরচ হবে। এ বিরাট ব্যয়ভার বহন করতে না পারার কারণে ৩০ থেকে ৪০ শতাংশ পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত থাকতে বাধ্য হবে। আর্থিক অনটন ও আবাসিক ব্যবস্থার অসুবিধার কারণে পরীক্ষার্থীরা পরীক্ষা দিতে না পারলে এ দায়িত্ব কে নেবে? এ বিষয়গুলো নিয়ে আমাদের অভিভাবকগণ কেন্দ্র কর্তৃপক্ষ জেলা প্রশাসকের নিকট আবেদন জানিয়েও কোন ধরনের সহানুভূতি পায়নি। সেক্ষেত্রে সরকারী সিদ্ধান্ত রক্ষার্থে **আদর্শ ডিগ্রী কলেজ কেন্দ্র, শ্রীনগর-২** থেকে ২ (দুই) কিলোমিটার দূরে অবস্থিত বাড়ৈখালী উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা যেতে পারে। যেখানে পরীক্ষা গ্রহণের অনুকূল পরিবেশ এবং আইন শৃঙ্খলা রক্ষার জন্যও নিকটেই (½ কিলোমিটার দূরে) স্থায়ী পুলিশ ক্যাম্প রয়েছে। তাই আমাদের শেষ ভরসাস্থল হিসেবে আপনার শরনাপন্ন হতে বাধ্য হচ্ছি। আপনি আমাদের মাতৃতুল্য, তাই সন্তানতুল্য পরীক্ষার্থীদের নিশ্চয়ই বঞ্চিত করবেন না।

অতএব, আবেদন এই যে, আমাদেরকে নিজ কেন্দ্রে অথবা নিকটবর্তী বাড়ৈখালী উচ্চ বির্দ্যালয়ে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা গ্রহণ করে বাধিত করবেন।